

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

- (১৪) মুছল্লীর সামনে সুতরা রেখে চলে যাওয়া
- (১৪) মুছল্লীর সামনে সুতরা রেখে চলে যাওয়া:

এটা শহরের মসজিদগুলোতে বর্তমানে বেশী দেখা যাচছে। শরী আতে এর কোন অনুমোদন নেই। কারণ রাসূল (ছাঃ)-এর যুগে এ ধরনের কৌশলের কোন প্রমাণ পাওয়া যায় না। বরং মুছল্লীর সামনে দিয়ে অতিক্রম করার চেয়ে ৪০ বছর যাবৎ বসে থাকা উত্তম বলা হয়েছে।[1] বর্তমান পদ্ধতিতে যাওয়া বৈধ হলে রাসূল (ছাঃ) তা বলে যেতেন। সুতরাং মুছল্লীর সামনে সুতরা দিয়ে অতিক্রম করা আর এমনি চলে যাওয়া একই সমান। এই অপরাধ থেকে মুক্তি পাওয়া যাবে না। উল্লেখ্য যে, যিনি ছালাত আদায় করবেন, তিনি নিজে সামনে সুতরা রেখে ছালাত শুরু করবে।[2] তার সামনে দিয়ে মুছল্লীগণ যেতে পারবেন। তবে সুতরা বিহীন ছালাত আদায়কারী মুছল্লীর সামনে অন্য মুছল্লী সুতরা রেখে অতিক্রম করতে পারবেন না।

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/৫১০; মিশকাত হা/৭৭৬।
- [2]. মুসলিম, মিশকাত হা/৭৭৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1855

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন